

কটয়াদী হত্যাকাণ্ড

০৬

অপহরণ আতংক ॥ কটয়াদীর শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীর উপস্থিতি অর্ধেক হ্রাস

কটয়াদী (কিশোরগঞ্জ) থেকে সংবাদমাতা ॥ অত্র উপজেলাধীন কিশোরগঞ্জ-ভৈরব মহাসড়কে ইদানীং মাইজেনবাস দ্বারা মানুষ ধরা আতংক ছড়িয়ে পড়ছে। এজন্য উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী উপস্থিতি অর্ধেক নেমে গিয়েছে। এ কারণে গতকাল সোমবার ইউএনও সামসুল আলম ডুএগার সভাপতিত্বে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এক সভা হয়। এ সভায় স্থানীয় সংসদ সদস্য প্রফেসর ডাঃ এম এ মান্নান, অধ্যক্ষ জয়নাল আবেদীন, ওসি সিরাজুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় অপহরণ আতংক নিরসনে জরুরী পদক্ষেপসহ পুলিশ টহল জোরদার করার সিদ্ধান্ত নেয়া হয়।